

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩০০৬

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা আল-ই-ইমরান

بَابُّ: وَمِنْ سُورَةٍ آلِ عِمْرَانَ

## আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا أَبُو عَوَانَةَ، عَنْ عُثْمَانَ بْنِ الْمُغِيرَةِ، عَنْ عَلِيِّ بْنِ رَبِيعَةَ، عَنْ أَسْمَاءَ بْنِ الْحَكَمِ الْفَزَارِيِّ، قَالَ سَمِعْتُ عَلِيًّا، يَقُولُ إِنِّي كُنْتُ رَجُلًا إِذَا سَمِعْتُ مِنْ، رَسُولِ اللَّهِ صَلَى الله عليه وسلم حَدِيثًا نَفَعَنِي اللَّهُ مِنْهُ بِمَا شَاءَ أَنْ يَنْفَعَنِي وَإِذَا حَدَّثَنِي رَجُلٌ مِنْ صَلَى الله عليه وسلم حَدِيثًا نَفَعَنِي اللَّهُ مِنْهُ بِمَا شَاءَ أَنْ يَنْفَعَنِي وَإِذَا حَدَّثَنِي رَجُلٌ مِنْ الله عليه وسلم يَقُولُ " مَا مِنْ رَجُل يُدْنِبُ ثَنْبًا ثُمَّ يَقُومُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " مَا مِنْ رَجُل يُدْنِبُ ثَنْبًا ثُمَّ يَقُومُ فَيَتَطَهَّرُ ثُمَّ يُصِلِّي ثُمَّ يَسْتَغْفِرُ اللَّهَ إِلاَّ غَفَرَ لَهُ " . ثُمَّ قَرَأَ هَذِهِ الآيَةَ : (وَالَّذِينَ إِذَا فَعَلُوا فَيَتَطَهَّرُ ثُمَّ يُصِلِّي ثُمُّ يَصِلِي ثُمُّ يَسْتَغْفِرُ اللَّهَ إِلاَّ غَفَرَ لَهُ " . ثُمَّ قَرَأَ هَذِهِ الآيَةِ . قَالَ أَبُو عِيسَى هَذَا فَكُولًا اللهَ عَلَي اللهُ عَلَى اللهُ عَنْ مَسْعَرٍ فَالْاَيَةِ . قَالَ أَبُو عِيسَى هَذَا عَلَى اللهُ عَنْ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ الل

## বাংলা

৩০০৬. কুতায়বা (রহঃ) ..... আসমা ইবন হাকাম ফাযারী (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আলী রাদিয়াল্লাহু আনহু-কে বলতে শুনেছি যে, আমি এমন ব্যক্তি ছিলাম যে, যখন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে কোন হাদীস শুনতাম, তখন এর দ্বারা আল্লাহ্ তা'আলা আমাকে যে উপকার পোঁছাতে ইচ্ছা করতেন, সে উপকার আমি লাভ করতাম। আর যদি তাঁর সাহাবীদের কেউ আমার কাছে হাদীস বর্ণনা করত তবে আমি তার কাছ থেকে হলফ নিতাম। সে হলফ করলে আমি তাকে বিশ্বাস করতাম। আর আবূ বকর রাদিয়াল্লাহু আনহু আমার কাছে একটি হাদীস বর্ণনা করেন এবং আবূ বকর রাদিয়াল্লাহু আনহু তো ছিলেন সত্যবাদী। তিনি বলেনঃ আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি যে, কোন ব্যক্তি যদি গুনাহ্ করে ফেলে, এরপর সে



উঠে তাহারাত হাসিল করে এর পরে সালাত (নামায) আদায় করে এবং আল্লাহর কাছে ক্ষমা চায়, আল্লাহ্ তাকে অবশ্যই ক্ষমা করে দেন। এরপর তিনি এই আয়াত পাঠ করলেনঃ

'এবং যারা কোন অশ্লীল কাজ করে ফেললে বা নিজের প্রতি জুলম প্রতি জুলম করে ফেললে আল্লাহকে স্মরণ করে' আয়াতের শেষ পর্যন্ত (৩ঃ ১৩৫)।

হাসান, ইবনু মাজাহ ১৩৯৫, তিরমিজী হাদিস নম্বরঃ ৩০০৬ [আল মাদানী প্রকাশনী]

শু'বা প্রমুখ (রহঃ) এই হাদীসটি উছমান ইবনুল মুগীরা সূত্রে মারফু'রূপে রিওয়ায়ত করেছেন। মিসআর এবং সুফইয়ান (রহঃ) এটি উছমান ইবন মুগীরা সূত্রে রিওয়ায়ত করেছেন। কিন্তু তাঁর মারফূ' রূপে বর্ণনা করেননি। এই হাদীসটি ছাড়া আসমা (রহঃ) এর আর কোন হাদীস আমাদের জানা নেই।

## **English**

Narrated Asma bin Al-Hakam Al-Farazi:

"I heard 'Ali saying: 'Indeed I am a man who, when I hear a Hadith from the Messenger of Allah (﴿), then Allah causes me to benefit from it as much as He wills for me to benefit from it. When a man among his Companions narrates to me I ask him to swear an oath to me, about it, and when he swears an oath to me I trust him. And Abu Bakr narrated to me - and Abu Bakr told the truth - he said: "I heard the Messenger of Allah (﴿) saying: 'There is no man who commits a sin, then stands for purification, then performs Salat, then seeks forgiveness from Allah, except that Allah forgives him.' Then he recites this Ayah: Those who, when they have committed Fahishah or wronged themselves with evil, remember Allah... (3:135) until the end of the Ayah."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন